

“জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
জেলা কার্যালয়, সিরাজগঞ্জ  
[www.bfsa.sirajganj.gov.bd](http://www.bfsa.sirajganj.gov.bd)

### সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সাথে সভার রেকর্ডস অফ নোটস

অদ্য ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ, রোজ মঙ্গলবার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ এর উদ্যোগে বাংলাদেশ রেস্তোরাঁ মালিক সমিতির সভাপতি, সিরাজগঞ্জে অনুষ্ঠিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সাথে আলোচনা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি জনাব মোঃ শাকিলুজ্জামান, নিরাপদ খাদ্য অফিসার (অঃ দাঃ), সিরাজগঞ্জ সভার কার্যক্রম শুরু করেন। সকলের দৃষ্টি আকর্ষণ করে উল্লেখ করা হয় যে, সিরাজগঞ্জ জেলা পর্যায়ে নিরাপদ খাদ্য নিশ্চিত কল্পে সুশাসন প্রতিষ্ঠা করার জন্য সংশ্লিষ্ট সবাইকে আরো বেশি কার্যকর ভূমিকা রাখতে হবে। তিনি প্রজেক্টরের মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ক বেশ কিছু শিক্ষণীয় ভিডিও দেখান।

প্রধান অতিথি জনাব আরিফুল ইসলাম, উপসচিব (সমন্বয় ও সংসদ), খাদ্য মন্ত্রণালয় ভিডিও কনফারেন্সের মাধ্যমে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উনার বক্তব্য শুরু করেন। তিনি নিরাপদ খাদ্য আইন-২০১৩ ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ প্রতিষ্ঠার উদ্দেশ্য সম্পর্কে সবাইকে অবহিত করেন। তিনি উপস্থিত বেকারি মালিকদের নিরাপদ খাদ্য আইন মেনে চলার জন্য এবং প্রতিপালনের জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করেন।

সিরাজগঞ্জ জেলা হোটেল-রেস্তোরাঁ মালিক সমিতির সাধারণ সম্পাদক জনাব মোঃ সাইফুল ইসলাম নিরাপদ খাদ্য আইন মেনে খাদ্য স্থাপনা ও হোটেল-রেস্তোরাঁ পরিচালনার ব্যাপারে আশ্বস্ত করেন। মালিক সমিতির পক্ষ থেকে সর্বাঙ্গিক সহযোগিতা করার অঙ্গীকার করেন।

জনাব মোঃ ইসহাক আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, চেম্বার অফ কমার্স, সিরাজগঞ্জ উপস্থিত সবাইকে নিরাপদ খাদ্য আইন মেনে চলার জন্য বলেন। তিনি উক্ত আলোচনা সভা আয়োজনের জন্য বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

বিশেষ অতিথি জনাব মোঃ রকিবুল হাসান, উপপরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উনার বক্তব্য শুরু করেন। তিনি নিরাপদ খাদ্য বিষয়ক সকল বিধিনিষেধ মেনে চলার জন্য সবাইকে নির্দেশনা প্রদান করেন। তিনি সকল হোটেল-রেস্তোরাঁ ও বেকারি মালিকদের গ্রেডিং এর বিষয়ে অবহিত করেন এবং প্রত্যেক খাদ্য স্থাপনা ভবিষ্যতে গ্রেডিং এর আওতায় আনার ব্যাপারেও আলোচনা করেন। তিনি সভায় উপস্থিত কাঁচা সবজি, মাংস ও মাছ ব্যবসায়ীদের নিরাপদ পানি এবং স্বাস্থ্যসম্মত পরিবেশে ব্যবসা করার নির্দেশনা প্রদান করেন। তিনি মাইক্রো প্লাস্টিকের ক্ষতিকর দিক তুলে ধরে হোটেল রেস্তোরাঁয় ও বেকারি কারখানায় প্লাস্টিকের কনটেইনারের পরিবর্তে বিকল্প পাত্র ব্যবহারের নির্দেশনা প্রদান করেন।

সবশেষে সভাপতি মহোদয় খাদ্য নিরাপদ রাখার পাঁচটি চাবিকাঠি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। অতিরিক্ত তেলে ভাজা খাবার পরিহার করার কথা বলা হয়। পারস্পরিক দুষণ রোধে কাঁচা ও রান্না করা খাবার আলাদা রাখার কথা বলা হয়। খাবার রান্না করার সময় সঠিক তাপমাত্রায় খাদ্য প্রস্তুতকরনের কথা বলা হয়। এছাড়াও নিরাপদ খাদ্য আইন সম্পর্কে অবহিত করানো হয়। সকলকেই নিরাপদ খাদ্যের ধারণা বিষয়ক লিফলেট ও পোস্টার প্রদান করা হয়। এবং সবার মাঝে পারিবারিক নির্দেশিকা বিতরণ করা হয়। একই চাঁকু বা ছুরি দিয়ে মাছ, মাংস ও শাক সবজি না কেটে ভিন্ন ভিন্ন ধারালো চাঁকু

বা ছুরি ব্যবহার করার কথা বলা হয়। ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি এবংহোটেল-রেস্তোরীর রান্নাঘরের পরিবেশ ভাল রাখার কথা বলা হয়। তিনি সভায় উপস্থিত ব্যবসায়ী ও গুড় উৎপাদকদের গুড়ে হাইড্রোজ ব্যবহার না করার ব্যাপারে কঠোর নির্দেশনা প্রদান করেন।

তিনি বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে আলোকপাত করেন। তিনি সবাইকে অবহিত করে বলেন আমরা প্রতিনিয়ত নাগরিকদের যাবতীয় সেবা প্রদান করে যাচ্ছি। সেবা গ্রহীতাদের সাথে সৌজন্যমূলক ব্যবহার করা হয় এবং সময়ক্ষেপণ ব্যতীত সকল সেবা গ্রহীতার জিজ্ঞাসা ও অভিযোগ সংরক্ষণ করার কথা আলোকপাত করেন। সরাসরি যোগাযোগের ক্ষেত্রে তাৎক্ষনিক সেবা প্রদানের বিষয়ে বলা হয়। ফোন/আবেদন/মেইল মারফত সেবার ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করা হয় সে বিষয়েও সবাইকে অবহিত করেন।

তিনি অদ্য তারিখ পর্যন্ত অনুষ্ঠিত সচেতনতামূলক কার্যক্রমের মাধ্যমে অর্জিত সাফল্যের সকল প্রকার তথ্য স্লাইডের মাধ্যমে সকলকে অবহিত করেন। তিনি উপস্থিত সকলকে আরও তথ্য অধিকার আইন-২০০৯ এর গুরুত্ব তুলে ধরে যেকোন তথ্য প্রাদান এবং গ্রহণের ব্যাপারে অবহিত করেন। তথ্য পাওয়ার অধিকার যে সবারই আছে সে বিষয়ে সকলকে অবহিত করেন। তিনি নিরাপদ খাদ্য বিষয়ে যেকোনো তথ্য জানতে কর্তৃপক্ষের জেলা কার্যালয়, সিরাজগঞ্জে আবেদন করতে বলেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*Shakil*

২৬/১২/২০২৩

মোঃ শাকিলুজ্জামান

নিরাপদ খাদ্য অফিসার (অঃ দাঃ)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

জেলা কার্যালয়, সিরাজগঞ্জ

মোবাইলঃ ০১৬৭৭-৩৭৩২৮৬

ই-মেইলঃ [fso.sirajganj@bfsa.gov.bd](mailto:fso.sirajganj@bfsa.gov.bd)